গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা
www.probashi.gov.bd

২০কার্তিক ১৪২৬ বঃ

নং-৪৯.০০.০০০০.০১৬.০৬.০৩.১৮-২০৩ ০৫ নভেম্বর ২০১৯ খ্রিঃ

**বিষয়ঃ সেপ্টেম্বর, ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সেপ্টেম্বর, ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদ্সংগে প্রেরণ করা হলো। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন **আগামী ১১ নভেম্বর, ২০১৯ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে আবশ্যিকভাবে** (নিকস ফন্টে ই-মেইলে সফট কপিসহ) সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণণামতে।

(নাইমা আফরোজ ইমা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৪১০৩০২৪৯
dsparliament@probashi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
০২। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৬। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৭। মাননীয় মন্ত্রী/সচিব এর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৮। উপসচিব (সকল)/উপপ্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১। জনসংযোগ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৩। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

**সেপ্টেম্বর, ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ সেলিম রেজা<br>সচিব<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২৯ অক্টোবর ২০১৯, বেলা ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট ক দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতি ই-নথি কার্যক্রমে মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য অগ্রগতির জন্য সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় আগস্ট ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোনো সংশোধনী না থাকায় আগস্ট, ২০১৯ মাসের কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

২। সভায় কার্যপত্র অনুযায়ী নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং | মধ্যপ্রাচ্যের দেশসমূহে স্কুল প্রতিষ্ঠার জন্য সম্পাদিত 'Feasibility study' প্রতিবেদনের অনুলিপি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও প্রতিশ্রুতি এর গুরুত্ব বিবেচনায় এটিকে সমন্বয় সভার প্রথম আলোচ্য বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। মন্ত্রিসভা বৈঠকে মাননীয় প্রধানমন্ত্রী- প্রদত্ত অনুশাসন অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে কার্যক্রম গ্রহণের জন্য সচিব মহোদয় সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।<br>অতঃপর মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রবাসী কর্মীর সন্তানদের জন্য বিদেশে স্কুল প্রতিষ্ঠার বিষয়টি এবং প্রবাসী কর্মীদের জন্য বীমা নীতিমালা প্রণয়নের চলমান অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। | প্রবাসী কর্মীর সন্তানদের জন্য বিদেশে স্কুল প্রতিষ্ঠা এবং প্রবাসী কর্মীদের জন্য বীমা নীতিমালা প্রণয়নের হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা, কল্যাণ অধিশাখা এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২) মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন | আগামীতে মন্ত্রিসভা বৈঠকে যেসব সিদ্ধান্ত গৃহীত হবে সেসব সিদ্ধান্তের সাথে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্টতা থেকে থাকলে সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য সংশ্লিষ্ট অনুবিভাগ সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করবে। | গত ২১ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে ১৫-১১-২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ প্রেক্ষিতে যেসব অনুবিভাগ হতে কোন প্রতিবেদন পাওয়া যায়নি তাদেরকে তা দ্রুত প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | (ক) আগামী ৫-১১-২০১৯ তারিখের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের নিমিত্ত সকল অনুবিভাগ হতে তাদের স্ব স্ব অধ্যায়ের প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(খ) আগামী ৭-১১-২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক প্রকাশের জন্য প্রেরণ করতে হবে। | (ক) সকল অনুবিভাগ (মন্ত্রণালয়)<br>(খ) সংসদ ও সমন্বয় শাখা |
| ৩) আন্তর্জাতিক অভিবাসী দিবস উদযাপন | নতুন আলোচ্যসূচিভুক্ত করা হয়েছে। | আন্তর্জাতিক অভিবাসী দিবস, ২০১৯ উদযাপনের সর্বশেষ প্রস্তুতি সম্পর্কে সভাকে অবহিত করা হয়। উপসচিব (প্রশাসন) জানান এ সংক্রান্ত ১৭টি উপকমিটির মধ্যে ১২টি কমিটি ইতোমধ্যে তাদের কার্যক্রম সম্পর্কে অবহিত করেছেন। প্রচার প্রচারণা, স্যুভেনির ও ক্রোড়পত্র প্রকাশ, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, স্টল বরাদ্দসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা হয়। ৩-১১-২০১৯ তারিখ আন্তর্জাতিক অভিবাসী দিবস উদযাপন সংক্রান্ত কমিটি/উপকমিটির আহ্বায়ক ও সদস্য-সচিবগণের অংশগ্রহণে অনুষ্ঠিতব্য সভায় বিস্তারিত আলোচনা করা হবে মর্মে সভাকে জানানো হয়। | ৩-১১-২০১৯ তারিখে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক অভিবাসী দিবস সংক্রান্ত সভার সিদ্ধান্তসমূহ সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ |
| ৪) অর্গানোগ্রাম ও কর্মবন্টন | নতুন আলোচ্যসূচিভুক্ত করা হয়েছে। | (ক) ২০01 সালে মন্ত্রণালয় প্রতিষ্ঠা হতে বর্তমান সময় পর্যন্ত মন্ত্রণালয়ের কোন অনুমোদিত অর্গানোগ্রাম নেই৷ এ প্রেক্ষিতে নথি পত্র পর্যালোচনায় দেখা যায় বেশকিছু জিও না থাকায় অর্গানোগ্রাম অনুমোদনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে অগ্রায়ন করা যাচ্ছে না৷<br>খ) মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/ অধিশাখা/ অনুবিভাগ এর কর্মবন্টনে অসামঞ্জস্যতা রয়েছে৷ যুগপোযোগি কর্মবন্টন প্রণয়নে | (ক) আগামী ১৫ দিনের মধ্যে সকল অনুবিভাগ প্রধানদের উপস্থিতিতে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভায় উপসচিব (প্রশাসন) মন্ত্রণালয়ের অর্গানোগ্রাম প্রণয়নের হালনাগাদ তথ্য উপস্থাপন করবেন।<br>খ) মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/ অধিশাখা/ অনুবিভাগ এর কর্মবন্টনের | (ক) উপসচিব (প্রশাসন)<br>খ) সকল কর্মকর্তা |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | সকল কর্মকর্তার মতামত জরুরি ভিত্তিতে প্রশাসন শাখায় প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | উপর মতামত জরুরি ভিত্তিতে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। | |
| ৫) মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদকরণ | ক) সিটেজেন্স চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>খ) স্ব প্রণোদিত তথ্য প্রদান নির্দেশিকার কাজ আগামী ১৭ নভেম্বর ২০১৯ এর মধ্যে সম্পন্ন করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি সভায় অবহিত করেন। সিটেজেন্স চার্টার নিয়মিত হালনাগাদের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক কমিটি গঠন করা হচ্ছে।<br>মন্ত্রণালয়ের স্ব-প্রণোদিত তথ্য প্রদান নির্দেশিকা প্রস্তুতপূর্বক আবশ্যিকভাবে আগামী ৩১-১২-২০১৯ তারিখের মধ্যে ওয়েব সাইটে আপলোড করতে হবে মর্মে জানা যায়। | ক) সিটেজেন্স চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>খ) স্ব প্রণোদিত তথ্য প্রদান নির্দেশিকার কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ফোকাল পয়েন্ট সিটেজেন্স চার্টার/ আইসিটি/ আরটিআই |
| ৬) ই-নথি কার্যক্রম | ক) ই-নথিতে সর্বোচ্চ নম্বর পেতে প্রত্যেক শাখা প্রতিমাসে নোট নিষ্পন্নসহ কমপক্ষে ২০ টি পত্র জারি করবে। | ক) মন্ত্রণালয়ের ই-নথি কার্যক্রম সংক্রান্ত ড্যাশবোর্ডের হালনাগাদ কপি পর্যালোচনায় দেখা যায় অধিকাংশ শাখাই চলতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী নোট নিষ্পন্ন ও পত্র জারি করেছে। এ ধারা অব্যাহত রেখে মন্ত্রণালয়কে ১ম স্থান অর্জনে সকলে কাজ করবেন মর্মে একমত হন। | ক) ই-নথিতে সর্বোচ্চ নম্বর পেতে প্রত্যেক শাখা প্রতিমাসে নোট নিষ্পন্নসহ কমপক্ষে ২০ টি পত্র জারি করবে। | ক) সকল শাখা কর্মকর্তা |
| | খ) ই-নথি কার্যক্রম আরো গতিশীল করতে মন্ত্রণালয়ের ইন্টারনেটের ব্যান্ডউইথ বাড়ানোসহ সমভাবে বণ্টন করতে হবে। | খ) ই-নথি কার্যক্রম আরো গতিশীল করতে ব্যান্ডউইথ বাড়ানোর জন্য উপসচিব (সেবা) প্রাইভেট সেক্টরের মাধ্যমে এ সেবা ক্রয়ের বিষয়ে অগ্রগতি জানান। | (খ) ই-নথি কার্যক্রম আরো গতিশীল করতে ব্যান্ডউইথ বাড়ানোর জন্য উপসচিব (সেবা) প্রাইভেট সেক্টরের মাধ্যমে এ সেবা ক্রয় করবেন। | খ) উপসচিব (সেবা) ও সহকারী প্রোগ্রামার |
| | গ) প্রতি সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ের ই-নথি কার্যক্রমের ড্যাশবোর্ডের কপি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | গ) সমন্বয় সভায় ই-নথি কার্যক্রমের ড্যাশবোর্ডের কপি উপস্থাপন করা হবে। | গ) প্রতি সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ের ই-নথি কার্যক্রমের ড্যাশবোর্ডের কপি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | গ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার |
| ৭) সুশাসন ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম | জাতীয় শুদ্ধাচার কৌশলের সিদ্ধান্ত মোতাবেক সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে একটি | জাতীয় শুদ্ধাচার কৌশলের সিদ্ধান্ত মোতাবেক সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে একটি কর্মশালা এবং দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত কর্মশালা আগামী নভেম্বর, ২০১৯ মাসে প্রশিক্ষণ অধিশাখা হতে | ক) জাতীয় শুদ্ধাচার কৌশলের সিদ্ধান্ত মোতাবেক সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে একটি কর্মশালা এবং | প্রশিক্ষণ অধিশাখা ও ফোকাল পয়েন্ট (এনআইএস) |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | কর্মশালা এবং দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত কর্মশালা আগামী নভেম্বর, ২০১৯ মাসে প্রশিক্ষণ অধিশাখা হতে আয়োজন করতে হবে। | আয়োজন করা প্রয়োজন মর্মে আলোচনা করা হয়। | দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত কর্মশালা আগামী নভেম্বর, ২০১৯ মাসে প্রশিক্ষণ অধিশাখা হতে আয়োজন করতে হবে। | |
| ৮) শাখা পরিদর্শন | ক) সেপ্টেম্বর, ২০১৯ মাসে সহকারী সচিব (বাজেট) উপসচিব (কর্মসংস্থান-৩) ও উপসচিব (কর্মসংস্থান-৪) শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করবেন।<br>খ) পরিদর্শন প্রতিবেদনে আন্তঃশাখা সংক্রান্ত কোন ইস্যু থেকে থাকলে তা প্রশাসন শাখা হতে ব্যবস্থা নিতে হবে।<br>গ) পরিদর্শন প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখা এবং বাজেট শাখায় প্রেরণ করতে হবে। | নিয়মিত শাখা পরিদর্শন অব্যাহত আছে। এ মাসে সর্বোচ্চ সংখ্যক শাখা পরিদর্শন প্রতিবেদন পাওয়া গিয়েছে। মনিটরিং ও এনফোর্সমেন্ট, গবেষণা ও নীতি, বাজেট মিশন, কল্যাণ, আইন, কর্মসংস্থান-৩ ও ৪, এবং হিসাব শাখা হতে পরিদর্শন প্রতিবেদন পাওয়া গিয়েছে। | ক) কর্মকর্তাগণ শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করবেন।<br>খ) পরিদর্শন প্রতিবেদনে আন্তঃশাখা সংক্রান্ত কোন ইস্যু থেকে থাকলে তা প্রশাসন শাখা হতে ব্যবস্থা নিতে হবে।<br>গ) পরিদর্শন প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখা এবং বাজেট শাখায় প্রেরণ করতে হবে। | সকল কর্মকর্তা (মন্ত্রণালয়) ও প্রশাসন শাখা |
| ৯) অডিট আপত্তি | অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে তাগিদ পত্র প্রেরণ;<br>ত্রিপক্ষীয় সভাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে PDR Act, 1913 (সরকারি পাওনা আদায় আইন) অনুযায়ি ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মন্ত্রণালয়ের হিসাব রক্ষণ কর্মকর্তা ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তি করা সম্ভব হবে মর্মে সভাকে অবহিত করেন। | ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং এ সংক্রান্ত হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | বাজেট ও অডিট অধিশাখা ও দপ্তর/সংস্থা (সকল) |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১০) ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা | ১) প্রবাসী কর্মী বীমা নীতিমালা ও বীমা পরিকল্প সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১) প্রবাসী কর্মী বীমা নীতিমালা ও বীমা পরিকল্প প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে মর্মে জানা যায়। | ১) প্রবাসী কর্মী বীমা নীতিমালা ও বীমা পরিকল্পনা প্রণয়নপূর্বক সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও অভিবাসী কল্যাণ অনুবিভাগ |
| | ২.ক) নিরাপদ অভিবাসন বিষয়ক কার্যক্রম ও প্রচারণায় ইউনিয়ন ডিজিটাল সেন্টার গুলোকে সম্পৃক্ত রাখতে হবে। সকল টিটিসি এর অধ্যক্ষ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারদের নিয়ে সকলের উপস্থিতিতে এ বিষয়ে সভা করবেন। এ সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | ২.ক) নিরাপদ অভিবাসন সংক্রান্ত কার্যক্রম ও প্রচারনায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোকে সম্পৃক্ত রাখতে বিএমইটির আওতাধীন জেলা পর্যায়ের দপ্তরসমূহকে নিরাপদ অভিবাসন সংক্রান্ত টুলস (বুকলেট, ব্রোশিওর, পোষ্টার, টিভিসি ইত্যাদি) সমূহের কপি UDC তে প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রচারণা টুলস ইতিমধ্যে UDC তে প্রেরণ শুরু হয়েছে। নিরাপদ অভিবাসন সংক্রান্ত কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসারদের নিয়ে সকলের উপস্থিতিতে সভা করার জন্য টিটিসিসমূহকে নিদের্শনা প্রদান করা হয়েছে এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে সম্পৃক্ত করে সভা আয়োজন করা হচ্ছে। | ২.ক) নিরাপদ অভিবাসন বিষয়ক কার্যক্রম ও প্রচারণায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোকে সম্পৃক্ত রাখতে হবে। সকল টিটিসি এর অধ্যক্ষ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারদের নিয়ে সকলের উপস্থিতিতে এ বিষয়ে সভা করবেন। এ সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করবেন। | ২.ক) যুগ্মসচিব (প্রশিক্ষণ অধিশাখা) ও বিএমইটি |
| | ২.খ) জেলা সেমিনার সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | ২.খ) সংশ্লিষ্ট কর্মকর্তা এ বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি সভায় তুলে ধরেন। এ প্রেক্ষিতে সেমিনারের জন্য জেলা/উপজেলা পর্যায়ে ব্যয় বাবদ অর্থ ছাড় করা হয়েছে। | ২.খ) জেলা সেমিনার সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | ২.খ) যুগ্মসচিব (প্রশিক্ষণ) ও সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| | ৩) পরবর্তী উন্নয়ন মেলার অনুষ্ঠানের পূর্বেই এ সংবর্ধনা প্রদান অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩) ২০১৮ সালের উন্নয়ন মেলায় পুরস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে সংবর্ধনা প্রদান অনুষ্ঠান আয়োজন করতে হবে মর্মে আলোচনা করা হয়। | ৩) পরবর্তী উন্নয়ন মেলার অনুষ্ঠানের পূর্বেই এ সংবর্ধনা প্রদান অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩) বিএমইটি |
| ১১) কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস | ক) মন্ত্রণালয়ের কর্মকর্তাদের উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | (ক) মন্ত্রণালয়ের কর্মকর্তাদের উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে মর্মে জানা যায়। | ক) মন্ত্রণালয়ের কর্মকর্তাদের উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ক) অতিরিক্ত সচিব, পরিকল্পনা |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| পরিদর্শন | খ) মন্ত্রণালয়ের কর্মকর্তাদেরকে টিটিসি/ ডিইএমও পরিদর্শনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | (খ) দেশব্যাপী সচেতনতামূলক সেমিনার পরিচালনার পাশাপাশি মন্ত্রণালয়ের কর্মকর্তাদেরকে টিটিসি/ ডিইএমও পরিদর্শনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন প্রয়োজন মর্মে আলোচনা হয়। | খ) মন্ত্রণালয়ের কর্মকর্তাদেরকে টিটিসি/ ডিইএমও পরিদর্শনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | খ) যুগ্মসচিব, প্রশিক্ষণ |
| ১২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ক) ২০১৯-২০ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তি করতে হবে। | ক) জিআরএস বর্তমানে বাজেট শাখার আওতায় পরিচালিত হচ্ছে। এ ক্ষেত্রে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) যুগ্মসচিব (প্রশাসন) এবং আপীল কর্মকর্তা অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) । | ক) ২০১৯-২০ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তি করতে হবে। | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), যুগ্মসচিব (প্রশাসন) ও দপ্তর/সংস্থা (সকল) |
| | খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে এ মন্ত্রণালয়ের অবস্থান সংক্রান্ত প্রতিবেদন প্রতি সমন্বয় সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে প্রত্যেক মাসে মন্ত্রণালয়ের অবস্থান জানার কোন সুযোগ নেই। প্রতি অর্থবছরের শেষে বার্ষিক অগ্রগতি প্রতিবেদন দাখিলের পরে মন্ত্রিপরিষদ বিভাগ হতে মন্ত্রণালয়ের প্রাপ্ত নম্বর ও অবস্থান সম্পর্কে অবহিত হওয়া যায়। এক্ষেত্রে ত্রৈমাসিক মূল্যায়নের পদ্ধতি সম্পর্কে জানাতে হবে। | খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে এ মন্ত্রণালয়ের অবস্থান সংক্রান্ত প্রতিবেদন ত্রৈমাসিক সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | খ) ফোকাল পয়েন্ট, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) |
| | গ) বিনষ্টযোগ্য এবং বিনষ্টকৃত নথির তালিকা বাজেট শাখায় প্রেরণ করতে হবে। | গ) কার্যক্রম চলমান রয়েছে। | গ) বিনষ্টযোগ্য এবং বিনষ্টকৃত নথির তালিকা বাজেট শাখায় প্রেরণ করতে হবে। | গ) সকল শাখা কর্মকর্তা |
| | ঘ) মন্ত্রণালয়ের ইনোভেশন বিষয়ক লক্ষ্য বাস্তবায়নে অক্টোবর, ১৯ এর মধ্যে কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ঘ) জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ের ইনোভেশন বিষয়ক লক্ষ্য বাস্তবায়নে কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়। | ঘ) মন্ত্রণালয়ের ইনোভেশন বিষয়ক লক্ষ্য বাস্তবায়নে নভেম্বর, ২০১৯ এর মধ্যে কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ঘ) যুগ্মসচিব (প্রশিক্ষণ)/ ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | | ঙ) সচিব মহোদয় মন্ত্রণালয়ের কর্মকর্তাদের Human Resourse Development এর জন্য প্রতি মাসের ৩য় মঙ্গলবার একটি Knowledge Sharing সভা আয়োজন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। প্রতি সভায় নির্ধারিত একজন কর্মকর্তা পূর্বনির্ধারিত বিষয়ের ওপর ইংরেজিতে ১০/১৫ মিনিটের Power Point Presentation | ঙ) প্রতি মাসের ২য় মঙ্গলবার সমন্বয় সভা এবং ৩য় মঙ্গলবার Knowledge Sharing সভা আয়োজন করতে হবে। | ঙ) প্রশিক্ষণ অধিশাখা। |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | করবেন। এছাড়া কর্মকর্তাদের ভাষাগত দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে মর্মে আলোচনা হয়। | | |
| ১৩) মামলা সংক্রান্ত | ৭) মামলা নিষ্পত্তির বিষয়ে আরো সতর্ক ও তৎপর হতে হবে এবং মামলা নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | মামলার অগ্রগতি ও মামলা নিষ্পত্তির বিষয়ে প্যানেল আইনজীবী ও দপ্তর/সংস্থার প্রতিনিধিদের নিয়ে মাসিক সমন্বয় সভা করা হচ্ছে। মামলাসমূহের নিষ্পত্তির হার বৃদ্ধির জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে মন্ত্রণালয় ও বিএমইটির অতি গুরুত্বপূর্ণ ১৩ টি মামলা নতুন আইনজীবী ব্যারিস্টার রাজীউর রহমানকে মন্ত্রণালয়/সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে।<br>বিএমইটির মোট মামলার সংখ্যা-১৭০। অনিষ্পন্ন মামলার সংখ্যা-১৬৪টি।<br>বোয়েসেলের মামলার সংখ্যা-২টি।<br>কল্যাণ বোর্ড: রীট মামলা-৩টি। মামলাসমূহ পরিচালনার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | ৭) মামলা নিষ্পত্তির বিষয়ে আরো সতর্ক ও তৎপর হতে হবে এবং মামলা নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (মনিটরিংও এনর্ফোসমেন্ট)/ আইন শাখা ও দপ্তর/সংস্থা (সকল) |
| ১৪) ভিজিলেন্স টাস্কফোর্স সংক্রান্ত | ক.১) ভিজিলেন্স টাস্কফোর্স অভিযান সংক্রান্ত হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় নিয়মিত প্রেরণ করতে হবে।<br>ক.২) অভিবাসন ব্যয় মনিটরিং এর জন্য বিমান বন্দরে কল্যাণ ডেস্কের মাধ্যমে কর্মীর সাথে রিক্রুটিং এজেন্টদের লেনদেনের পদ্ধতি সম্পর্কিত তথ্য সংগ্রহ করতে পরিবীক্ষণ ফরমেট প্রস্তুত করতে হবে।<br>খ) গন্তব্য দেশ কর্তৃক অনুমোদিত মেডিকেল সেন্টারের | ক.১) অতি সম্প্রতি পরিচালিত ভিজিলেন্স টাস্কফোর্সের অভিযান ও এতে প্রদত্ত দন্ড সংক্রান্ত আলোচনা হয়। এসব অভিযান নির্ভয়ে ও জিরো টলারেন্সে পরিচালনা করে অবৈধ অভিবাসন বন্ধ করতে সকলে একমত হন।<br>খ) বিদেশ গমনেচ্ছু বাংলাদেশি কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা করানোর জন্য মেডিকেল সেন্টার তালিকাভূক্তিক বিজ্ঞপ্তি প্রকাশের | ক.১) ভিজিলেন্স টাস্কফোর্স অভিযান সংক্রান্ত হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখায় নিয়মিত প্রেরণ করতে হবে।<br>খ) গন্তব্য দেশ কর্তৃক অনুমোদিত মেডিকেল সেন্টারের তদারকির বিষয়ে মনিটরিং ও | অতিরিক্ত সচিব (প্রশাসন/ মনিটরিং ও এনফোর্সমেন্ট) বিএমইটি/ কল্যাণ বোর্ড |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | তদারকির বিষয়ে মনিটরিং ও এনফোর্সমেন্ট শাখা যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক সংসদ ও সমন্বয় শাখাকে অবহিত করবেন।<br>গ) গন্তব্য দেশ কর্তৃক অনুমোদিত মেডিকেল সেন্টারগুলোতে স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিশেষ তদারকির বিষয়ে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | প্রেক্ষিতে মোট ২০৩ টি আবেদন পাওয়া যায়। এ বিষয়ে চূড়ান্ত বাছাইয়ের কাজ চলমান। | এনফোর্সমেন্ট শাখা যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক সংসদ ও সমন্বয় শাখাকে অবহিত করবেন। | |
| ১৫) অনিষ্পন্ন বিষয় | ক) মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা মন্ত্রণালয়ের নিকট অনিষ্পন্ন পত্রের তালিকা প্রেরণ করবেন।<br>খ) মন্ত্রণালয় কর্তৃক দপ্তর/সংস্থাগুলির নিকট অনিষ্পন্ন পত্রের তালিকা পরবর্তী সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় সংশ্লিষ্ট উইং প্রেরণ নিশ্চিত করবে। | বিএমইটি হতে ৮টি অনিষ্পন্ন পত্রের তালিকা পাওয়া গিয়েছে।<br>অন্যান্য শাখা/অনুবিভাগ/অধিশাখা এবং দপ্তর/সংস্থা তথ্য দিতে পারেন মর্মে আলোচনা করা হয়। উপসচিব (কর্মসংস্থান) বিএমইটির নিকট ১৩টি অনিষ্পন্ন বিষয়ের পত্র হস্তান্তর করেন এবং দ্রুত নিষ্পত্তির অনুরোধ জানান। | ক) মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা মন্ত্রণালয়ের নিকট অনিষ্পন্ন পত্রের তালিকা প্রেরণ করবেন।<br>খ) মন্ত্রণালয় কর্তৃক দপ্তর/সংস্থাগুলির নিকট অনিষ্পন্ন পত্রের তালিকা পরবর্তী সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় সংশ্লিষ্ট উইং প্রেরণ নিশ্চিত করবে। | অনুবিভাগ প্রধানগণ (মন্ত্রণালয়) ও দপ্তর/সংস্থা (সকল) |
| ১৬) সংসদ অধিবেশন সংক্রান্ত তথ্য | নতুন আলোচ্যসূচিভুক্ত করা হয়েছে। | আগামী ৭ নভেম্বর ২০১৯ থেকে আসন্ন সংসদ অধিবেশনে তথ্য প্রেরণের জন্য সকলকে গঠনমূলক সম্পূরক প্রশ্নোত্তরসহ তথ্য প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | সংসদের প্রশ্নসমূহের বস্তুনিষ্ঠ তথ্যসহ সঠিক উত্তর ও সম্পূরক প্রশ্নোত্তর প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল শাখা/অধিশাখা/অনুবিভাগ এবং দপ্তর/সংস্থা (সকল) |
| ১৭) **বিবিধ**<br>১৭.১) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ | ১) স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত সম্পর্কে সকলকে অবগত করতে হবে এবং সংসদ ও সমন্বয় শাখায় এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ২৫ আগস্ট ২০১৯ তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী ও কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হয়েছে। | ১) স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত সম্পর্কে সকলকে অবগত করতে হবে এবং সংসদ ও সমন্বয় শাখায় এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>২) জাতীয় স্টিয়ারিং | ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ যুগ্মসচিব (গবেষণা ও নীতি) |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা ও সিদ্ধান্ত/ বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | | কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্য সংসদ ও সমন্বয় শাখাকে অবহিত করতে হবে। | |
| ১৭.২) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের কার্যক্রম | ২) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিভিন্ন বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ কোনো সভা/ওয়ার্কশপ/সেমিনার/প্রশিক্ষণে অংশগ্রহণ করলে সভার মতামত ও সিদ্ধান্তসমূহ আবশ্যিকভাবে সচিব মহোদয় ও সংসদ ও সমন্বয় শাখাকে অবহিত করবেন। | গত ১২-১০-২০১৯ তারিখে তথ্য ও প্রযুক্তি বিভাগে অনুষ্ঠিত আইটি আইটিএস আউটসোর্সিং কর্মপরিকল্পনা সংক্রান্ত সভায় উপসচিব (বাজেট) অংশগ্রহণ করেন। CIP/NRB-দের ডাটাবেজ তৈরি সম্পর্কিত কাজে বাস্তবায়নকারী হিসেবে এ মন্ত্রণালয়ের নাম অন্তর্ভূক্তির জন্য সুপারিশ করা হয়। এ সংক্রান্ত কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | ২) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিভিন্ন বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ কোনো সভা/ওয়ার্কশপ/সেমিনার /প্রশিক্ষণে অংশগ্রহণ করলে সভার মতামত ও সিদ্ধান্তসমূহ আবশ্যিকভাবে সচিব মহোদয় ও সংসদ ও সমন্বয় শাখাকে অবহিত করবেন। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল) |

দপ্তর/সংস্থা :

৩. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ব্যুরোকে অধিদপ্তরে রূপান্তর সংক্রান্ত | ক) ব্যুরোকে অধিদপ্তরে রূপান্তর সংক্রান্ত প্রস্তাবটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে ।<br><br>খ) বিএমইটি কর্তৃক | শুধুমাত্র ব্যুরোকে অধিদপ্তরে রূপান্তর ও নাম পরিবর্তন বিষয়ে পুনরায় যাবতীয় কাগজপত্রসহ প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য গত ১৬/০৯/২০১৯খ্রি: তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>ডিইএমও গুলোর পদ সৃজনের প্রস্তাব বিবেচনাপূর্বক অগ্রায়নের জন্য বিএমইটির পক্ষ হতে মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। এছাড়া | ক) ব্যুরোকে অধিদপ্তরে রূপান্তর সংক্রান্ত প্রস্তাবটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে ।<br><br>খ) বিএমইটি কর্তৃক | দপ্তর সংস্থার প্রশাসন অধিশাখা ও বিএমইটি |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | বিভিন্ন বিষয়ে প্রেরিত তদন্ত প্রতিবেদন ও এর সংলাগসমূহ তদন্তকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়নপূর্ক সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | সিশেলস ও কম্বোডিয়ায় কর্মী প্রেরণের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | বিভিন্ন বিষয়ে প্রেরিত তদন্ত প্রতিবেদন ও এর সংলাগসমূহ তদন্তকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়নপূর্বক প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>গ) সিশেলস ও কম্বোডিয়ায় কর্মী প্রেরণের প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | |

৪. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| চলমান কার্যক্রম সংক্রান্ত | কল সেন্টারের মাধ্যমে যাচিত তথ্য/সহযোগিতা প্রদানে তৎপর থাকতে হবে। | বোর্ড কর্তৃক পরিচালিত প্রবাসবন্ধু কল সেন্টারের মাধ্যমে প্রাপ্ত কল নিষ্পত্তিতে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়। গত সেপ্টেম্বর/২০১৯ মাসে প্রবাসবন্ধু কল সেন্টারে ১৬৬টি কল পাওয়া যায়। এর মধ্যে ১২৭ টি নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ৩৯টি কলের প্রাপ্ত বিষয়াদি নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত আছে। | কল সেন্টারের মাধ্যমে যাচিত তথ্য/সহযোগিতা প্রদানে তৎপর থাকতে হবে। | মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |

৫.বোয়েসেল :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| বোয়েসেলের কার্যক্রম | নতুন শ্রমবাজার অনুসন্ধানে তৎপরতা ও বিদেশে কর্মী প্রেরণের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ক) নতুন শ্রমবাজার অনুসন্ধান/ শ্রমবাজার সম্প্রসারণ বিষয়ে বোয়েসেল কর্তৃক গৃহীত পদক্ষেপ সমূহঃ<br>নতুন চুক্তি অনুযায়ী সিশেলসের সাথে বিএমইটি এবং বোয়েসেলের মাধ্যমে কর্মী প্রেরণ শুরু করা হবে।<br>বিভিন্ন শ্রমিক আমদানিকারক দেশসমূহের সঙ্গে যোগাযোগ করে ঐ সকল দেশে বাংলাদেশি শ্রমিক নিয়োগের অনুরোধ পত্র প্রেরণ (পত্র যোগাযোগ, দূতাবাসের সহায়তা, ই-মার্কেটিং);<br>নতুন নতুন ক্ষেত্র অন্বেষণে উভয় দেশের প্রত্যক্ষ যোগাযোগে বিদেশ সফর করা হচ্ছে;<br>বিদ্যমান ও নতুন কোম্পানিগুলোর সাথে যোগাযোগ রক্ষা এবং বোয়েসেল-এর অংশীজনদের সাথে নিয়মিত আলোচনা সভার আয়োজন;<br>জাপান, সংযুক্ত আরব আমিরাত, সিশেলস, ওমান, মালদ্বীপ ও মরিশাসসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে নতুন বাজার অনুসন্ধান জোরদার;<br>কোরিয়া , ব্রুনাইসহ অন্যান্য দেশে অধিক কর্মী প্রেরণের লক্ষ্যে বাংলাদেশি কর্মীদের কাজের মূল্যায়ন সম্পর্কে কোরিয়ান নিয়োগকারী কোম্পানির সাথে বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে পর্যালোচনা ও জরিপ কার্যক্রম পরিচালনা;<br>বিভিন্ন শ্রমিক আমদানিকারক দেশে অধিক কর্মী প্রেরণের লক্ষ্যে নিয়োগকারী কোম্পানি থেকে ডিমান্ড পাওয়ার জন্য স্থানীয় এজেন্ট/লবিস্ট নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে ।<br>খ) বোয়েসেলের মাধ্যমে আগস্ট ২০১৯, মাসে দক্ষিণ কোরিয়া ও জর্ডানে মোট ৮৯৩ জন কর্মী গমন করেছে। | ক) সিশেলস ও কম্বোডিয়ায় কর্মী প্রেরণের প্রস্তুতি সম্পন্ন করতে হবে।<br>খ) নতুন শ্রমবাজার অনুসন্ধানে তৎপরতা ও বিদেশে কর্মী প্রেরণের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক বোয়েসেল |

৬. প্রবাসী কল্যাণ ব্যাংক

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৬.১ প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম | প্রবাসী কল্যাণ ব্যাংক এর কার্যক্রম সংক্রান্ত হালনাগাদ তথ্য পরবর্তী সমন্বয় সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রবাসী কল্যাণ ব্যাংক এর কার্যক্রম সংক্রান্ত হালনাগাদ তথ্য পাওয়া গিয়েছে। | প্রবাসী কল্যাণ ব্যাংক এর কার্যক্রম সংক্রান্ত হালনাগাদ তথ্য নিয়মিত সমন্বয় সভার পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক |

পরিশেষে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্যক্রম পরিচালনা এবং অভিবাসন ব্যবস্থায় সুশাসন প্রতিষ্ঠা কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সকলকে আরো দায়িত্বশীল ও মনোযোগী হওয়ার আহবান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১১/২০১৭

(মোঃ সেলিম রেজা)
সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়